দৈনিক ইনকিলাব

তারিখ 18 MAR 1987
পৃষ্ঠা ... ...

তথ্য ... মেন্টেশন কেন্দ্র

182

# উপজেলা পরিক্রমা

## হিজলা

বরিশাল, ১৭ মার্চ (সংবাদদাতা)।— সর্বনাশা মেঘনা নদী বিধৌত উপজেলা হিজলা। প্রাচীন ঐতিহ্যের স্মৃতি বিজড়িত উপজেলা হিজলা। মোঘল শাসনামলে হিজলার গোবিন্দপুর ছিল বিরাট নৌঘাটি। কাউরিয়ায় রয়েছে প্রাচীন নিদর্শন বিরাট মঠ।

### টেলিফোন ও বিদ্যুৎ

এখানে দু'টি পিসিও টেলিফোন রয়েছে। এখানে কোন টেলিফোন এক্সচেঞ্জ বা টেলিফোন যোগাযোগ নেই। গত '৮২ সালে বিদ্যুতের খুঁটি বসানো হয়েছে কিন্তু কবে নাগাদ বিদ্যুৎ সরবরাহ করা হবে সে বিষয়ে নিশ্চিত কিছু জানা যায়নি। বিদ্যুতের অভাবে কোন শিল্প কারখানা গড়ে উঠছে না।

### যোগাযোগ

হিজলা উপজেলা পরিষদের কাঁচা রাস্তা রয়েছে ১৯ মাইল। ভেড়িবাঁধ রয়েছে ১৪ মাইল। উল্লেখ্য যে, উপজেলা সদরের অফিসগুলো নদী ভাঙ্গনের ফলে দু'জায়গায় বিভক্ত হয়ে গেছে। এ জন্যই যোগাযোগ রক্ষা খুবই কঠিন। ঐ থানার পুলিশ স্টেশন, হাসপাতাল, টেলিফোন অফিস, সাবপোস্ট অফিস, পশু পালন বিভাগ প্রভৃতি রয়েছে খুনুয়া নামক স্থানে এবং বাকি অফিস রয়েছে প্রায় এক মাইল দূরে টেক নামক স্থানে। এছাড়া থানা সদর ও জেলা সদরের সাথে যোগাযোগ খুবই নাজুক।

### শিক্ষা

শিক্ষিতের হার ১২ ভাগ। এখানে ৬৯টি সরকারী প্রাথমিক বিদ্যালয় ও ১০টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এছাড়া ১০টি মাধ্যমিক বিদ্যালয়, ১টি জুনিয়র বালিকা বিদ্যালয়, ২টি দাখিল মাদ্রাসা ও ৬৫টি ফোরকানিয়া মাদ্রাসা রয়েছে। অধিকাংশ সরকারী প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক সংকট, গৃহ সমস্যা, বেঞ্চ, টেবিলসহ প্রয়োজনীয় জিনিসের অভাবে লেখাপড়া ব্যাহত হচ্ছে। এখানে একটি কলেজও নেই।

### কৃষি

মোট জমির পরিমাণ ৯৬ হাজার ১২ একর। কৃষিপোযোগী জমির পরিমাণ ৬২ হাজার। তার মধ্যে আবাদযোগ্য পরিমাণ ৪৫ হাজার একর। সেচের জন্য ৪২টি পাওয়ার পাম্প রয়েছে। হাজার, হাজার একর খাস জমি জোতদাররা দখল করে আছে। জমি দখল নিয়ে খুন-খারাবী, মামলা-মোকদ্দমা লেগেই আছে। থানায় উৎপাদিত শস্যের পরিমাণ ২০ হাজার ২শ' ৮০ টন। খাদ্য চাহিদা ২১ হাজার ৯শ' টন। খাদ্য ঘাটতি রয়েছে ১ হাজার ৬শ' ২০ টন। জনসাধারণের মূল পেশা কৃষি। শতকরা ৭৫ ভাগই কৃষিজীবী।

### স্বাস্থ্য

থানায় একটি হেল্থকমপ্লেক্স আছে। এখানে ৩১ শয্যা বিশিষ্ট হাসপাতাল রয়েছে। প্রয়োজনের তুলনায় ওষুধপত্র নেই। এ ছাড়া দাতব্য চিকিৎসালয় রয়েছে ২টি। পরিবার পরিকল্পনা ক্লিনিক রয়েছে ৫টি। গ্রাম্য ডাক্তারের সংখ্যা ৫৫ জন। বিশুদ্ধ পানীয় জলের অভাব প্রচণ্ড। প্রয়োজনানুসারে নলকূপ নেই। যা আছে তার মধ্যে অধিকাংশ অকেজো।